EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

নারী উদ্যোগ কেন্দ্রের "বিশ্ব নেতৃত্বে নারীরা" শীর্ষক পদক প্রদান অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের বক্তব্য

ঢাকা, ১২ই জানুয়ারি, ২০১৭

শুভ সন্ধ্যা, আসসালামু আলাইকুম এবং নমস্কার!

নারী উদ্যোগ কেন্দ্রের সাফল্যকে উদযাপন করতে আপনাদের সঙ্গে যোগ দিতে পেরে আমি আনন্দিত। লিঙ্গ সমতা ও মানবাধিকারের প্রসার এবং ব্যক্তিগত ও রাজনৈতিক ক্ষেত্রে নারীর ক্ষমতায়নে নারী উদ্যোগ কেন্দ্র গত ২৫ বছর বা শতাব্দীর এক চতুর্থাংশ ধরে নিবেদিত রয়েছে।

এই বছরগুলোতে নারীর পরিবর্তনশীল প্রয়োজনের প্রেক্ষাপটে নারী উদ্যোগ কেন্দ্র নানা পদক্ষেপ নিয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে তৈরী পোশাক ক্ষেত্রের পরিস্থিতি উন্নয়ন ও শ্রমিকদের অধিকার রক্ষায় নারী উদ্যোগ কেন্দ্র শ্রমিক ও মালিকদের একত্রে এনেছে। আরেকটি কর্মসূচিগত জোরালো দিক হল রাজনৈতিক পক্রিয়ায় নারীর ক্রমবর্ধমান অংশগ্রহণ।

নারী উদ্যোগ কেন্দ্রের কাজের একটি ক্ষেত্র রয়েছে যে বিষয়ে আমি ব্যক্তিগতভাবে জানতে পেরেছি। নারী ক্ষমতায়ন কর্মসূচির অংশ হিসেবে নারী উদ্যোগ কেন্দ্র অনেক আগে এমন একটি নতুন কৌশল নিয়ে কাজ শুরু করে যেটি তখনো জনপ্রিয়তা পায়নি। সেটি হল খেলাধুলা। খেলাধুলা মেয়েদের আত্মবিশ্বাসী ও কর্মঠ হয়ে বেড়ে উঠতে সহায়তা করে। যুক্তরাষ্ট্র ঢাকা দূতাবাস এই কৌশলের উপকারিতা প্রত্যক্ষ করেছে এবং প্রকৃতপক্ষে আমাদের সুযোগ হয়েছে আপনাদের কিছু কর্মসূচিতে সহায়তা প্রদানের।

ঢাকার বেশকিছু বিদ্যালয়ের প্রায় ২০০ মেয়ে শিক্ষার্থীকে আত্মরক্ষা বা কারাতে প্রশিক্ষণ প্রদান বিষয়ক একটি প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব নারী উদ্যোগ কেন্দ্রকে প্রদানের মাধ্যমে সংগঠনটির সঙ্গে আমাদের দূতাবাসের অংশীদারিত্ব শুরু হয় ২০১৪ সালে। আত্মরক্ষার কৌশল শেখার পাশাপাশি মেয়েরা নারীর প্রতি সহিংসতা বিষয়েও জানতে পারে। তাঁরা আরও জানতে পারে কেন নারীর প্রতি সহিংসতা হয় এবং কিভাবে এটি বন্ধে আইনের সহায়তা পাওয়া যায়। এই প্রশিক্ষণ থেকে মেয়েরা আত্মবিশ্বাসী ও সাহসী হয়ে ওঠে এবং তাঁরা নেতৃত্বের গুণাবলী অর্জন করে।

যুক্তরাষ্ট্র দূতাবাসের সাথে নারী উদ্যোগ কেন্দ্রের অংশীদারিত্বমূলক কর্মসূচি ২০১৫ সাল থেকে চলে আসছে যখন আমরা উইমেন্স ন্যাশনাল বাস্কেটবল এসোসিয়েশন এর তারকা খেলোয়াড় এবং দুইবারের অলিম্পিয়ান স্বর্ণপদকজয়ী রুথী বল্টোনকে নিয়ে এসেছিলাম "স্পোর্টস এনভয়" কর্মসূচি

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

পরিচালনা করার জন্য। কর্মসূচিটি এমনভাবে তৈরি করা হয়েছিল যেন খেলাধুলার মাধ্যমে নারী এবং যুবসমাজের মধ্যে ক্ষমতায়ন বিস্তার লাভ করে। এই "স্পোর্টস এনভয়" কর্মসূচিটি কম পরিচিত কমিউনিটির দুই'শর বেশি তরুণ বাস্কেটবল খেলোয়াড় এবং কোচদের কাছে বিভিন্ন কর্মকান্ডের মাধ্যমে পৌঁছে গিয়েছিল। উল্লেখ্য, চারদিনের একটি বাস্কেটবল প্রশিক্ষণ কর্মসূচি চলে গ্রাম এবং শহরের বিদ্যালয় থেকে আগত ৭০ জন মেয়েদের নিয়ে যারা নারী উদ্যোগ কেন্দ্রে অংশগ্রহণ করেছিল।

আমি অনেক আনন্দিত যে এই কর্মসূচিটির দীর্ঘস্থায়ী প্রভাব রয়েছে যা এখন ও দেখা যায়। প্রথমত, কয়েকজন বাস্কেটবল ক্যাম্প অংশগ্রহনকারীরা ঢাকার বিদ্যালয়গুলো থেকে একটি নতুন ওইমেন্স ন্যাশনাল বাস্কেটবল টিম গঠন করেছিল বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশনের আওতায়। এটাই হল নারীদের নিয়ে গঠিত দেশের সর্বপ্রথম প্রাতিষ্ঠানিক টিম। দ্বিতীয়ত, অনেক গ্রামের বিদ্যালয় থেকেও বাস্কেটবল খেলোয়াড়রা খেলার জন্য অংশগ্রহণ করছে এবং জাতীয় ও আন্তঃজেলা পর্যায়ে বিজয়ী হচ্ছে।

আমি গর্বের সাথে বলতে চাই, আমি নিজেও ফাইনাল খেলায় অংশ নিয়েছিলাম। "ফাইভ-অন-ফাইভ" বা পাঁচ জনের এই খেলায় আমি "শুটিং গার্ড" এর অবস্থানে ছিলাম কর্মসূচির অন্যান্য অংশগ্রহণকারী ও ডব্লিউএনবিএ তারকা রুথীর সাথে। খেলায় অংশগ্রহণকারীরা আমাকে আমার শিক্ষাজীবনের পুরোনো দিনগুলিতে ফিরিয়ে নিয়ে যায় যখন আমি লাফায়েতে কলেজের প্রথম মহিলা বাস্কেটবল দলে খেলতাম এবং দলে খেলার সকল আনন্দ-বেদনার সঙ্গী ছিলাম।

বেশিরভাগ ক্ষেত্রে, আমি স্মরণ করি যে, আমি শিখতাম কিভাবে আমার আত্মবিশ্বাস ও শক্তি দিয়ে পুরো দলের জন্য অবদান রাখতে পারি এবং দলের একজন সদস্য হয়ে কিভাবে আমার উপর সবাই আস্থা রাখতে পারে। আমি নারী উদ্যোগ কেন্দ্রে আমার চোখের সামনে দেখলাম "স্পোর্টস এনভয়" কর্মসূচিতে আগত মেয়েদেরকে সেই একই রকম অনুশীলনে প্রশিক্ষণ নিতে। যদিও প্রথমে লজ্জা এবং অনিশ্চয়তা ছিল তাদের মাঝে, কিন্তু এক সপ্তাহ পরেই সকলেই তাদের হৃদয় দিয়ে খেলছিল এবং প্রকাশ্যে তাদের সাফল্যের কথা তুলে ধরছিল।

নারী উদ্যোগ কেন্দ্র পঁচিশ বছর ধরে এই ধরণের প্রভাবমূলক কাজ করে যাচ্ছে, একটি নায্য বাংলাদেশে - একটি নির্দিষ্ট সময়ে একজন মেয়ে ও একজন নারীর জন্য কাজ করছে। আজকে যারা এখানে উপস্থিত আছেন তারা সবাই অবগত যে নারীদের উন্নয়নে অনেক অগ্রগতি হয়েছে কিন্তু এখনও আমাদের অনেক কাজ বাকি রয়েছে।

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

সম্প্রতি নারীদের প্রতি সহিংসতা বন্ধে জাতিসংঘের ১৬ দিনের কর্মসূচিতে আমার সুযোগ হয়েছিল বাংলাদেশ পার্লামেন্টের সম্মানিত স্পিকার ডক্টর শিরিন শারমিন, অন্যান্য রাষ্ট্রদূত, হাই কমিশনার ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোর প্রধানদের সাথে যোগ দিয়ে পরিবর্তনের রাষ্ট্রদূত হিসেবে কাজ করার। নারীদের প্রতি সহিংসতা নিত্যদিনের ঘটনা এবং এর ফলে অনেক নারী ও মেয়ের জীবন ও সম্মান হুমকির মুখে পড়ে। অনেক মেয়েকে বিয়ের বয়স না হওয়া সত্ত্বেও জোরপূর্বক বিয়ে দেয়া হয় এবং তাদেরকে শিশুর জন্ম দিতে হয়, তাদের সন্তানদের দারিদ্রের মধ্য দিয়ে বড় হতে হয়, শিক্ষার সুযোগ কমে আসে এবং স্বাস্থ্য খারাপ হয়। অনেক নারী বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখতে পারে না কারণ তারা পড়া-লেখা চালিয়ে যেতে পারে না, কোন ব্যবসা শুরু করতে পারে না অথবা কোন চাকুরি করতে পারে না। সামাজিক চাপ তাদেরকে পরিবার ও কর্মজীবনে ভারসাম্য রক্ষা করে দুরূহ করে দেয়।

নারী উদ্যোগ কেন্দ্রকে তাদের এই কঠিন কাজের জন্য আমাদের সহায়তা চালিয়ে যাওয়া জরুরি। নারী উদ্যোগ কেন্দ্রের অর্জনকে সমর্থন জানাতে আজকে আপনাদের সাথে যোগ দিতে পারা অনেক বড় সম্মান এবং নারী সমতার প্রসারকে ও বাংলাদেশে নারীদের অধিকার এগিয়ে নিতে আগামী পঁচিশ বছরের উদ্দেশ্যে তারা যে যাত্রা শুরু করতে যাচ্ছে সে ব্যাপারে বোর্ডের সদস্য, কর্মকর্তা, ও অন্যান্য অংশীদারদের শুভেচ্ছা ও উৎসাহ জানাই।

ধন্যবাদ।

*বক্তৃতার জন্য প্রস্তুতকৃত